## উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির এপ্রিল/২০২৫ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ
তারিখ সময় ঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ, সময় ঃ বিকেল- ৩.৩০ টা

### সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা সমাজসেবা কার্যালয় ঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য সকল ভাতার ১ম কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। মোট ২০,৮৬৬ জন ভাতাভোগীর মধ্যে ১৯৯৮৯ জন ভাতাভোগীর পেরোল প্রেরণ করা হয়েছে। অর্থাৎ শতকরা ৯৬% ভাতার প্রেরণ করা হয়েছে। কেউ যেন হ্যাকিংয়ের শিকার না হন এ বিষয়ে সকলকে সচেতন করার জন্য অনুরোধ জানানো হয়। ২০২৪-২৫ অর্থবছরে প্রতিবন্ধী ভাতার আবেদন আগামী ১৫/১১/২০২৪ পর্যন্ত অনলাইনে করা যাবে। বিষয়টি প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | ১) উপজেলা সমাজসেবা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।<br>২) ২০২৪-২৫ অর্থবছরে প্রতিবন্ধী ভাতার আবেদনের বিষয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | ১) উপজেলা সমাজসেবা অফিসার<br>২) সকল ইউপি চেয়ারম্যানগণ |
| ০২ | **সেচ্ছাসেবী সংগঠন ঃ** সভাপতি জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় অনেক সেচ্ছাসেবী ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠান রয়েছে। নিবন্ধিত স্থানীয় সেচ্ছাসেবী ও সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহের উন্নয়নমূলক কাজ পর্যালোচনা করা ও তাদের কাজের গতিশীলতা বৃদ্ধির জন্য স্থানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানান। | এই বিষয়ে উপজেলা পরিষদকে সুপারিশ করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার-কে অনুরোধ জানান। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ০৩ | **উপকারভোগী বাছাই ঃ** সভাপতি সমাজসেবা কার্যালয়ের বিভিন্ন কর্মসূচির উপকারভোগী বাছাইয়ের প্রক্রিয়া সঠিক ও স্বচ্ছ করার বিষয়ে সমাজ কল্যাণ বিভাগকে পরামর্শ প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | এ বিষয়ে সমাজ কল্যাণ বিভাগকে পরামর্শ প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়।' | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |
| ০৪ | **বিবিধ ঃ** সভায় উপজেলা পর্যায়ে যে কোন ধরনের সমাজসেবা/সমাজ কল্যাণ সংশ্লিষ্ট কার্যক্রমকে সফল করা অথবা অকার্যকর/অজনপ্রিয় কর্মসূচি বাতিল/সংরক্ষণ করার বিষয়ে উপজেলা পরিষদের নিকট সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় উপকারভোগীদের তালিকা প্রণয়ন, নবায়ন ও সংরক্ষণে উপজেলা পরিষদকে সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/৪/২৫

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিস
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৭১(৩)

তারিখঃ ০২ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
১৫ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা .......................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ............................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব...........................................................................................
সদস্য, উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটি, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

লায়লা আরজুমান
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর,পঞ্চগড়।

## উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ- ২৫/০৪/২০২৫

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা সমাজসেবা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ ইসমাইল হোসেন, চাকলাহাট, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৭২

তারিখঃ ০১ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ এপ্রিল, ২০২৫ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১৫/০৪/২০২৫ তারিখ রোজ মঙ্গলবার বিকেল- ৩.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

১৪/৪/২০২৫

(লায়লা আরজুমান)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

..............................................................
..............................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।